

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৩৭

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى قَالَ: قَالَ أَبُو لَيْلَى: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّا ظَهَرَتِ الْحَيَّةُ فِي الْمَسْكَنِ فَقُولُوا لَهَا: إِنَّا نَسْأَلُكَ بِعَهْدِ نُوحٍ وَبِعَهْدِ سُلَيْমَانَ بْنِ دَاؤِدَ أَنْ لَا تُؤْذِنَا فَإِنْ عَادَتْ فَاقْتُلُوهَا . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤِدَ

বাংলা

৪১৩৭-[৩৪] 'আবদুর রহমান ইবনু আবু লায়লা (রহিমাল্লাহ) আবু লায়লা হতে বর্ণনা করেছেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি তোমাদের গৃহে সাপ দেখা যায়, তখন তাকে লক্ষ্য করে বলো, আমরা তোমাকে নৃহ (আ.)-এবং সুলায়মান ইবনু দাউদ (আ.)-এর সাথে কৃত অঙ্গীকারের প্রেক্ষিতে বলছি, আমাদেরকে কষ্ট দেবে না। কিন্তু যদি এর পরেও ফিরে আসে, তখন তাকে মেরে ফেলব। (তিরমিয়ী ও আবু দাউদ)[১]

ফুটনোট

[১] যাঁক্ষিফ : তিরমিয়ী ১৪৮৫, আবু দাউদ ২/৩৫১, সিলসিলাতুল যাঁক্ষিফাহ ১৫০৮, যাঁক্ষিফ আল জামি'উস্স সগীর ৫৯০।

হাদিস যাঁক্ষিফ হওয়ার কারণ হলো হাদিসটির সনদে “ইবনু আবু লায়লা” নামক একজন যাঁক্ষিফ বারী আছেন। দেখুন- যাঁক্ষিফাহ ৪/১৭, হাঃ ১৫০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এখানে নৃহ (আ.)-এর প্রতি অঙ্গীকার বলতে সম্ভবত যখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার তৈরি নৌকায় সকল জাতের প্রাণী উঠাচ্ছিলেন তখন সাপকে বলেছিলেন (লা নুঁজিন্যা) অর্থাৎ আমাদের কোন কষ্ট দিও না। (তুহফাতুল আহওয়ায়ী ৪৮ খন্দ, হাঃ ১৪৮৫)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবু লাইলা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74860>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন